

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী।
www.nilphamarittc.gov.bd

স্মারক নং-৪৯.০১.৭৩০০.০০৬.১৮.০০২.২১-৪৭

তারিখঃ ১৬/১১/২০২১ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), নীলফামারীতে পরিচালিত স্বল্প মেয়াদী (৩৬০ ঘন্টা) কোর্স সমূহে দৈনিক হাজিরার ভিত্তিতে নিম্ন লিখিত পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে অতিথি প্রশিক্ষক ও জব প্রেসমেন্ট অফিসার পদে নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | যোগ্যতা | বেতন |
|------|--|---|---|
| ১. | অতিথি প্রশিক্ষক (আইটি সাপোর্ট সার্ভিসেস) | সংশ্লিষ্ট বিষয়ে বি.এস.সি ইন ইঞ্জিনিয়ারিং। অথবা, ডিপ্লোমা- ইন- ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন। অথবা, শিল্প কারখানায় দক্ষ কারিগরি জ্ঞান সম্পন্নদের ক্ষেত্রে ১০(দশ) বছরের অভিজ্ঞতা। NTVQF এর আওতায় NSC Level সনদধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | প্রকল্পের নিয়ম অনুযায়ী প্রতি কার্য দিবসে ১,২০০.০০ (এক হাজার দুইশত) টাকা হারে। মাসিক কার্য দিবস ২৩ দিন। সর্বমোট ২৭,৬০০.০০ টাকা। ১০% উৎস কর কর্তন করা হবে। |
| ২. | অতিথি প্রশিক্ষক (অটোক্যাড) | | |
| ৩. | অতিথি প্রশিক্ষক (মেশিন শপ্ প্রাক্টিস) | | |
| ৪. | অতিথি প্রশিক্ষক (ইলেকট্রনিক্স) | | |
| ৫. | অতিথি প্রশিক্ষক (সুইং মেশিন অপারেটর) | | |
| ৬. | জব প্রেসমেন্ট অফিসার | যে কোন বিষয়ের উপর মাস্টার্স পাশসহ সংশ্লিষ্ট কাজের ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। অথবা, বি.এস.সি ইন ইঞ্জিনিয়ারিং সহ সংশ্লিষ্ট কাজের ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। | প্রকল্পের নিয়ম অনুযায়ী প্রতি কার্য দিবসে ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা হারে। মাসিক ২৩ কার্য দিবস। সর্বমোট ৩৪,৫০০.০০ টাকা। ১০% উৎস কর কর্তন করা হবে। |

আবেদনের নিয়মাবলী:

- ১। আগ্রহী প্রার্থীদের স্ব-হস্তে লিখিত দরখাস্ত জীবন বৃত্তান্তসহ, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপিসহ অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), নীলফামারী বরাবর আগামী ১৫-১২-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
- ২। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ৩। মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি-নাতনিদের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা অনুসরণ করা হবে।
- ৪। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান মোবাইল এসএমএস/ই-মেইল/মোবাইল ফোন এর মাধ্যমে জানানো হবে।
- ৫। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৬। অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
- ৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ আদেশ সংশোধন, স্থগিত এবং বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৮। খামের উপর অবশ্যই পদের নাম, নিজ জেলা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৯। কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।


(মোঃ জিয়াউর রহমান)
অধ্যক্ষ

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী।
ইমেইলঃ ttcnilphamar16@gmail.com
ফোনঃ ০৫৫১-৬২৩০১